

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) ড্রয়িং।
- (৫) কাজের ক্যালকুলেশন।
- (৬) কাজের প্রাক্কলন।

Name of the work: Cleaninig of Primary Sedimentattion Tank-3 with related works under PSTP (2nd stage).

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করারপর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে নেটওয়ার্কের মাধ্যমে সূয়ার পয়ঃ শোধনাগারের ইনলেট চেম্বারে জমা হয়। জমাকৃত পয়ঃ ও বর্জ্যসমূহ যিতানো প্রক্রিয়ায় শোধন করা হয়। পাগলা পয়ঃ শোধনাগারে উক্ত প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ৪(চার)টি প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক রয়েছে। প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক ৪টি গিয়ার বজ্রের মাধ্যমে অবিরাম প্রক্রিয়ায় ঘুরতে থাকে। ফলে প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংকের মধ্যকার পয়ঃ সমূহের ভাসমান স্কাম ওয়াটার ফ্লাশ সিস্টেমের মাধ্যমে স্কাম পিটে চলে যায়, স্লাজসমূহ ট্যাংকের তলদেশে জমা হয় তা স্লাজ পাম্পের মাধ্যমে সাকশন করে স্লাজ লেগুনে ফেলা হয় এবং ট্রিটেড লিকুইড মেজারিং চেম্বারের মধ্যদিয়ে চূড়ান্ত ট্রিটমেন্টের জন্য ফ্যাকালটেটিভ লেগুন টাইপ "এ ও বি" তে জমা হয়। আগত স্লাজকে নিয়মিত স্লাজ পাম্পের মাধ্যমে স্লাজ লেগুনে অপসারণ করা হয় এবং কিছু স্লাজ ট্যাংকের তলদেশে জমা হয়। ট্যাংকের তলদেশে জমে থাকা স্লাজ এর পরিমাণ বেশি বৃদ্ধি পেলে শোধন কার্যক্রমে ব্যাঘাত ঘটাসহ যান্ত্রিক গোলযোগের আশংকা দেখা দেয়। বর্তমানে প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক-৩ এর জমাকৃত স্লাজ উত্তোলন করে অপসারণ করা প্রয়োজন। উল্লেখ্য, অত্র নথিতে উল্লেখিত প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক-৩ হতে উত্তোলিত স্লাজ ও অন্যান্য ময়লা-আবর্জ্যসমূহ অপসারণ করার প্রস্তাব করা হয়েছে।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaninig of Primary Sedimentattion Tank-3 with related works under PSTP (2nd stage)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২,৯৭,৯০৭.৬৬১ (দুই লক্ষ সাতানব্বই হাজার নয়শত সাত দশমিক ছয় ছয় এক) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থবছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৮৮; প্যাকেজ নং- RW7 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সত্যায়িত

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

-02-


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Cleaning of Primary Sedimentation Tank-3 with related works under PSTP (2nd stage)" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method (LTM, e-GP) তে দরপত্র আহ্বান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক ২,৯৭,৯০৭.৬৬১ (দুই লক্ষ সাঁতানব্বই হাজার নয়শত সাত দশমিক ছয় ছয় এক) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


১৩/০৫/২৫

মোঃ সাইফুর রহমান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



SDE


১৩.০৫.২০২৫
মোঃ সাইফুর রহমান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১৩/৫/২৫

SE(WSTPC)

১.৪ - অনুমোদিত।


১৩/০৫/২৫
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


XEN (PSTP)

১.৫। প্রতিদ্বন্দ্ব দরপত্র আহ্বানের ব্যবস্থা নিম্ন,



১৩/০৫/২০২৫

সত্যায়িত


২৬.০৬.২৫

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।